# বাকেরগঞ্জ উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোহাম্মদ শামসুল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ ঃ ২৩ ডিসেম্বর ২০২১
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্ট্রারে সংরক্ষিত।**

সভার প্রারম্ভে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, কোভিড-১৯ টিকা কার্যক্রম চলছে। তারা যথারীতি তাদের কাজ করছেন। স্বাস্থ্য বিধি পালনসহ সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এ উপজেলায় রবি মৌসুমে ইতোমধ্যে বোরোধান, খেসারী, সরিষা আবাদ শুরু হয়েছে। মাঠ ফসলের সার্বিক অবস্থা ভালো মেশিন বিতরণ জন্য অনুরোধ জানান। | উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগের মাধ্যমে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলনা। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ৫। প্রকৌশল বিভাগ | ১। উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি'র ১ম ও ২য় কিস্তির অর্থ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ দিয়ে যথাসময়ে কাজ সম্পন্ন করে অর্থ খরচ না করলে অর্থ যথারীতি অটো সরকারের খাতে চলে যেতে পারে।<br>২। উপজেলা প্রকৌশলী ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় টেন্ডার, পিআইসি এবং কোটেশনের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পের তালিকা (সংযুক্ত) পরিশিষ্ট " ক" "খ" "গ" অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | ১। বিধি বিধান অনুসরণপূর্বক দ্রুত প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।<br>২। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত প্রকল্পসমূহ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিধি মোতাবেক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। |
| ৫। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলনা। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ৬। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলনা। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ৭। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে,তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে পাঠদানের বিষয়ে সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে পালন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ৮। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | শিক্ষার মান বৃদ্ধির লক্ষে করোনা কালীন সময় পাঠদানের বিষয়ে সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে পালন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ৯। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| ১০। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নীতিমালা যথাযথভাবে অনুসরণ করে ভিজিডি কার্ডধারী নির্বাচন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ১১। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, টি.আর. কাবিখা প্রকল্পের কাজ চলমান আছে। ১ মাসের মধ্যে সমস্ত কাজ সম্পন্ন করতে হবে। বরাদ্দকৃত কম্বল জরুরী ভিত্তিতে নেয়ার জন্য অনুরোধ জানান। | সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। |
| ১২। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে,তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্যকে অনুরোধ জানানো হয় |
| ১৩। বন বিভাগ | চেয়ারম্যান ১২ নং রঙ্গশ্রী ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়নের আওতাধীন বিভিন্ন এলাকা থেকে বন বিভাগ কর্তৃক ইতোপূর্বে যে সকল গাছ কেটেছে; নীতিমালা অনুযায়ী তার অংশ বিশেষ কোন উপকারভোগী এখন পর্যন্ত পায়নি। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপকারভোগীরা যাতে তাদের প্রাপ্য অর্থ পায় সে বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |

সভায় অন্য কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ শামসুল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.১৬-৯১০ তারিখঃ ২৩ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, বরিশাল।
৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।
৭। উপজেলা..............................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৮। চেয়ারম্যান.........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।

(মাধবী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।